

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

চি এ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ/০৮ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ১০৭-আইন/২০১৭।—Ports Act, 1908 (Act No. XV of 1908), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section-4 এর sub-section (1) এর clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিয়ে তফসিলে বর্ণিত এলাকাকে “সুনামগঞ্জ নদী বন্দর” এর সীমানা নির্ধারণপূর্বক উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা:—

তফসিল

সুনামগঞ্জ নদী বন্দর এর

(ক) পূর্ব সীমানা :

সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর থানার রংগারচর ইউনিয়নের বিরামপুর মৌজায় বিরামপুর গ্রাম এবং সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর থানার কুরবাননগর ইউনিয়নের গুদারাঁও মৌজা, গুদারাঁও গ্রামের উপর দিয়া উত্তর-দক্ষিণে অতিক্রমকারী $৯১^{\circ} ২৬' ৪৯''$ পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;

(খ) পশ্চিম সীমানা :

সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর থানার পৌরার ইউনিয়নের টোকেরগাঁও মৌজার টোকেরগাঁও গ্রাম এবং দক্ষিণ পাড়ে সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর থানার মোহনপুর ইউনিয়নের মনমতেরচর মৌজার রামনগর গ্রামের উত্তর-দক্ষিণে অতিক্রমকারী $৯১^{\circ} ২১' ৩৫''$ পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;

(৪৬০৯)

মূল্য়: টাকা ৮.০০

(গ) উত্তর সীমানা :

সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর থানার সুরমা ইউনিয়নের লতারগাঁও মৌজার সাহেবনগর গ্রাম এবং সুনামগঞ্জ জেলার বিস্বমবারপুর থানার সলুকবাদ ইউনিয়নের লতারগাঁও মৌজার জিনারপুর গ্রামের উপর দিয়া পূর্ব-পশ্চিম অতিক্রমকারী $25^{\circ} 07' 35''$ উত্তর অক্ষাংশ পর্যন্ত বিস্তৃত;

(ঘ) ভূ-ভাগের সীমানা :

উপরি-উক্ত নদী বন্দর সীমানার আওতায় সুরমা ও ঝালুখালী নদীর উভয় তীরে সাধারণ ভৱাকটাল (Ordinary Spring Tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (High Water Mark) তটরেখা হইতে নদীর তীর বরাবর ৫০ গজ (Yard) পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আনোয়ারুল ইসলাম
উপসচিব।